

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬২৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যে ঘুমের বিবরণ দিলাম, যে কারণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শেষ রাতে এভাবে ঘুমাতেন তার বর্ণনা

ذِكْرُ السَّبَبِ الَّذِي مِنْ أَجْلِهِ كَانَ يَنَامُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ آخِرَ اللَّيْلِ النَّوْمَةَ التي وصفناها

আরবী

2629 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَبِي إِسْحَاقَ عَنِ الْأَسْوَدِ قَالَ: سَأَلْتُ عَائِشَةَ عَنْ صَلَاةِ رَسُولِ اللَّهِ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَبِي إِسْحَاقَ عَنِ الْأَسْوَدِ قَالَ: سَأَلْتُ عَائِشَةَ عَنْ صَلَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِاللَّيْلِ فَقَالَتْ: كَانَ يَنَامُ أَوَّلَ اللَّيْلِ ثُمَّ يَقُومُ فَإِذَا كَانَ مِنَ السَّحَرِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِاللَّيْلِ فَقَالَتْ: كَانَ يَنَامُ أَوَّلَ اللَّيْلِ ثُمَّ يَقُومُ فَإِذَا كَانَ مِنَ السَّحَرِ أَوْتَنَ ثُمَّ أَتَى فِرَاشَهُ فَإِنْ كَانَتْ لَهُ حَاجَةُ الْمَرْءِ بِأَهْلِهِ كَانَ فَإِذَا سَمِعَ الْأَذَانَ وَثَبَ فَإِنْ كَانَ جَلُجُهُ الْمَرْءِ بِأَهْلِهِ كَانَ فَإِذَا سَمِعَ الْأَذَانَ وَثَبَ فَإِنْ كَانَ جَلُجَةً الْمَرْءِ بِأَهْلِهِ كَانَ فَإِذَا سَمِعَ الْأَذَانَ وَثَبَ فَإِنْ كَانَ جَلُهُ إِلَى الصلاة.

الراوي: الْأَسْوَد | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2629 ا خلاصة حكم المحدث: صحيح ـ ((مختصر الشمائل)) (223).

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: هَذِهِ الْأَخْبَارُ لَيْسَ بَيْنَهَا تَضَادُّ وَإِنْ تَبَايَنَتْ أَلْفَاظُهَا وَمَعَانِيهَا مِنَ الظَّاهِرِ لِأَنَّ الْمُصلطَفَى صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُصلِّي بِاللَّيْلِ عَلَى الْأَوْصَافِ الَّتِي ذُكِرَت عَنْهُ لَيْلَةً بِنَعْتٍ وَأُخْرَى بِنَعْتٍ آخرَ فَأَدَّى كُلُّ إِنْسَانٍ مِنْهُمْ مَا رَأَى مِنْهُ وَاللَّهُ جَلَّ وَعَلَا جَعَلَ صَفِيَّهُ _ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ مُعَلِّمًا لِأُمْتِهِ قَوْلًا وَفِعْلًا فَدَلَّنَا تَبَايُنُ أَفْعَالِهِ فِي صَلَاةِ اللَّيْلِ عَلَى أَنَّ الْمَرْءَ مُخَيَّرٌ بَيْنَ أَنْ يَأْتِي بِشَيْءٍ مِنَ الْأَشْيَاءِ الَّتِي فَعَلَهَا صلَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي صَلَاتِهِ بِاللَّيْلِ دُونَ أَنْ يَكُونَ بِشَيْءٍ مِنَ الْأَشْيَاءِ النَّتِي فَعَلَهَا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي صَلَاتِهِ بِاللَّيْلِ دُونَ أَنْ يَكُونَ الْحُكْمُ لَهُ فِي الْاسْتِنَانِ بِهِ فِي نَوْع مِنْ تِلْكَ الْأَنْوَاعِ لَا الكل.



বাংলা

২৬২৯. আসওয়াদ রহিমাহুল্লাহ থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের রাতের সালাত সম্পর্কে জিজ্ঞেস করলে জবাবে তিনি বলেন, "তিনি রাতের প্রথমভাগে ঘুমাতেন তারপর উঠে সালাত আদায় করতেন। অতঃপর যখন ভোরের কাছাকাছি হতো, তখন তিনি বিতর সালাত আদায় করতেন। তারপর যদি তাঁর স্ত্রীর কাছে কোন মানবীয় প্রয়োজন থাকতো (তবে তা পূরণ করতেন)। অতঃপর যখন আযান শুনতেন, তখন তিনি লাফ দিয়ে উঠতেন। অতঃপর যদি তিনি জুনুবী থাকতেন, তবে তাঁর উপর পানি ঢেলে দিতেন। আর যদি জুনুবী না থাকতেন, তবে তিনি ওযূ করে সালাত আদায় করার জন্য বেরিয়ে যেতেন।"[1]

আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "এসব হাদীসের মাঝে কোন বৈপরীত্ব নেই, যদিও বাহ্যত সেসবের শব্দ ও অর্থের মাঝে ভিন্নতা আছে। কারণ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কোন রাতে একভাবে সালাত আদায় করেছেন আরেকরাতে অন্যভাবে আদায় করেছেন। অতঃপর প্রত্যেকেই যা দেখেছেন, তা-ই বর্ণনা করেছেন। মহান আল্লাহ তাঁর প্রিয়পাত্রকে উম্মতের জন্য কথায় ও কাজে শিক্ষক বানিয়েছেন। তাহাজ্জুদ সালাতের ব্যাপারে তাঁর কর্মের বিভিন্নতা আমাদের কাছে প্রমাণ করে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাহাজ্জুদ সালাতের ব্যাপারে যেসব আমল করেছেন, সেগুলোর কোন একটি পালনে ব্যক্তির স্বাধীনতা রয়েছে। এমন নয় যে, এসবগুলো বাদে যে কোন একটি পালন করা সুন্নাত।"

ফুটনোট

[1] ইবনু মাজাহ: ১৩৬৫; মুসনাদ আহমাদ: ৬/২৫৩; সহীহ মুসলিম: ৭৩৯; নাসাঈ: ৩/২১৮; সহীহ আলবুখারী: ১১৪৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মুখতাসারুশ শামাইল: ২২৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আসওয়াদ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন